

## প্রেস বিজ্ঞপ্তি

১৭ মার্চ ২০২২

ম্যানচেস্টারস্থ বাংলাদেশ সহকারী হাইকমিশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন

### শিশুদের ভালোবাসায় বঙ্গবন্ধুকে স্মরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও তাঁর বৈশ্বিক শান্তি ও ভালবাসার দর্শনকে কেন্দ্র করে আয়োজিত নানা কার্যক্রমে ম্যানচেস্টারস্থ বাংলাদেশী কমিউনিটির শিশু কিশোরদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে পালিত হচ্ছে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২২।

বর্তমান প্রজন্মের শিশু কিশোরদের সাথে জাতির পিতার জীবন, আদর্শ ও দর্শন আকর্ষণীয়ভাবে উপস্থাপন করতে বাংলাদেশ হাই-কমিশন, ম্যানচেস্টার, কুইজ প্রতিযোগিতা, ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের উপর তাৎক্ষণিক জ্ঞান ও বঙ্গবন্ধুর স্কেচ আয়োজনসহ নানা কার্যক্রম গ্রহণ করেছে। একজন শিশুকে দিয়ে বঙ্গবন্ধুর জীবনের উপর আলোকপাত দিয়ে শুরু করে শিশুদের সঞ্চালনায় জাতীয় শিশু দিবসের অনুষ্ঠান সাজানো হয়েছে। ১৯ মার্চ সহকারী হাই-কমিশন প্রাঙ্গণে জাতীয় শিশু দিবসে শিশুরা সমবেত স্বরে জাতীয় সঙ্গীত গেয়ে, কেক কেটে অনুষ্ঠানের আরম্ভ করবে। সহকারী হাই-কমিশনার কাজী জিয়াউল হাসানের সঙ্গে তারা চ্যাটলাইভে বঙ্গবন্ধু কর্ণার ও বঙ্গবন্ধু পাঠাগার ঘুরে দেখবে।

বঙ্গবন্ধুর অদম্য নেতৃত্ব এবং কোমল হৃদয়-এই দুয়ের সম্মিলনে তিনি শেখ মুজিব থেকে একটি জাতির পিতায় পরিণত হলেন। দেশ ও জাতির সর্বোচ্চ কল্যাণার্থে বজ্র কঠিন সিদ্ধান্ত আবার একই সঙ্গে শিশু সুলভ সারল্য কেবল বঙ্গবন্ধু শেখ মুজিবই ধারণ করেছিলেন বলে তিনি কোটি বাঙ্গালীর হৃদয়ে স্থায়ী জায়গা করে নিতে পেরেছিলেন আর ইতিহাস তাঁকে দিয়েছিল সর্বশ্রেষ্ঠ বাঙ্গালীর স্থান।

দু'পর্বে আয়োজিত এ উদযাপনের প্রথম পর্বে ১৭ মার্চ তারিখ বাংলাদেশ সহকারী হাই-কমিশন প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সঙ্গীত বাজানো, বাণী পাঠ, আলোচনা, ভিডিওচিত্র প্রদর্শন ও মোনাজাত করা হয়। দ্বিতীয় তথা মূল পর্বে ১৯ মার্চ তারিখ ম্যানচেস্টারস্থ বাংলাদেশী কমিউনিটির শিশু কিশোরদের সহযোগে ভিডিও কুইজ, সাধারণ জ্ঞান, তাৎক্ষণিক বক্তব্য, বঙ্গবন্ধু লাইব্রেরী ও বঙ্গবন্ধু কর্ণার পরিদর্শন, কেক কাটা, আলোচনা, মোনাজাত ইত্যাদি সম্পাদিত হবে।

